গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি তথ্য সার্ভিস
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.ais.gov.bd

নম্বর: ১২.০৫.০০০০.০১১.২৬.০০২.২২। ২১৬২

তারিখ : ১৬ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
৩০ মে, ২০২৪ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা এর অধীন রাজস্ব খাতভূক্ত নিম্নবর্ণিত শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য নিম্নস্বাক্ষরকারী কর্তৃক বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://ais.teletalk.com.bd এবং www.ais.gov.bd ওয়েবসাইটে) পূরণকৃত আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রম. নং | পদের নাম এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার অধিবাসীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | সহকারী সম্পাদক<br>টাঃ ১১,৩০০-২৭,৩০০/-<br>গ্রেড-১২ | ৩০ বৎসর | ০১ (এক) | Bachelor Degree. Experience in Journalism and literary background. (স্নাতকসহ সাংবাদিকতা এবং সম্পাদনার অভিজ্ঞতাসহ সাহিত্য পটভূমি সমৃদ্ধ হতে হবে) | মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল, চাঁদপুর, রাজশাহী, চাপাইনবাবগঞ্জ, নওগাঁ, দিনাজপুর, জয়পুরহাট, পটুয়াখালী, পিরোজপুর, গোপালগঞ্জ, ঝালকাঠি, খুলনা, বাগেরহাট, মাগুরা, নড়াইল, ঝিনাইদহ, মেহেরপুর<br>**তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ২. | কম্পোজিটর<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | ৩০ বৎসর | ০১ (এক) | এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণসহ যেকোন খ্যাতিসম্পন্ন প্রেসে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ব্যাতিক্রম ধর্মী অভিজ্ঞতা প্রার্থীদের বেলায় বয়স ৩৫ বৎসর ও শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাস। (ব্যাতিক্রম ধর্মী প্রার্থী:-কম্পিউটার টাইপে বংলায় ৩০ ও ইংরেজিতে ৩৫ শব্দ গতির টাইপে দক্ষতা থাকতে হবে)। | |
| ৩. | ক্যাশিয়ার কাম একাউন্টেন্ট<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | ৩০ বৎসর | ০১ (এক) | এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা এবং সরকারি বিধি অনুযায়ী সিকিউরিটি বন্ড প্রদানের সামর্থ থাকতে হবে। | |
| ৪. | প্রুফরিডার<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | ৩০ বৎসর | ০২ (দুই) | এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণসহ যেকোন খ্যাতিসম্পন্ন প্রেসে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ব্যাতিক্রম ধর্মী অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের বেলায় (স্বনামধন্য প্রেস/দৈনিক পত্রিকায় প্রুফ রিডার হিসেবে কাজ করার অন্যূন ৫ বছরের অভিজ্ঞতা) বয়স ৩৫ বৎসর ও শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাস। | |
| ৫. | প্রেরক<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | ৩০ বৎসর | ০২ (দুই) | এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। | |
| ৬. | পেইন্টার<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | ৩০ বৎসর | ০১ (এক) | এসএসসি পাসসহ ২ বছরের কমার্শিয়াল আর্ট এবং পেইন্টিং কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ব্যাতিক্রম ধর্মী অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের বেলায় (ডিজিটাল পেইন্টিং কাজে অন্যূন ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে) শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণী পাশ/JSC সার্টিফিকেট থাকতে হবে। | |
| ৭. | কার্পেন্টার<br>টাঃ ৯,৩০০-২২,৪৯০/-<br>গ্রেড-১৬ | ৩০ বৎসর | ০১ (এক) | ৮ম শ্রেণি পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত প্রতিষ্ঠান হতে কার্পেন্টার হিসেবে ট্রেড কোর্সের সনদসহ দুই বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন। | |
| ৮. | ডার্করুম সহকারী<br>টাঃ ৮,৮০০-২০,০১০/-<br>গ্রেড-১৮ | ৩০ বৎসর | ০১ (এক) | এসএসসি পাশসহ যে কোন খ্যাতি সম্পন্ন সরকারি/আধা-সরকারি প্রতিষ্ঠানে অথবা স্বীকৃত প্রতিষ্ঠানে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ব্যাতিক্রম ধর্মী অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের বেলায় (CTP-computer to plate মেশিনে কাজ করার অন্যূন ৫ বছরের অভিজ্ঞতা সম্পন্ন) শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণী পাশ/ JSC সার্টিফিকেট থাকতে হবে। | মানিকগঞ্জ, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোনা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, রাজশাহী, নাটোর, কুড়িগ্রাম, পঞ্চগড়, বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, মাগুড়া, বাগেরহাট<br>**তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |

**নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১. ০৪.০৬.২০২৪ খ্রি: সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৩. সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৪. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ প্রদান করতে হবে। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে দাখিল করতে হবে।

৫. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র-কন্যার পুত্র/কন্যা হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/পিতামহ/মাতাসমূহের মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে, সে ক্ষেত্রে প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

৭. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি পূর্ণাঙ্গ/আংশিক বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://ais.teletalk.com.bd. এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৪.০৬.২০২৪ খ্রি: সকাল-১০:০০ ঘটিকা।

(ii) online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৪.০৭.২০২৪ খ্রি: বিকাল-৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) online-এ আবেদপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৮০ pixel) ও সদ্য তোলা (অনুর্ধ্ব ৯০ দিন) রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ) online আবেদপত্রে পুরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সর্ম্পকে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী online এ পূরণকৃত আবেদপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা প্রার্থী User ID, ছবি, এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copyতে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংক্ষরণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ১ হতে ৭ পর্যন্ত ক্রমিক নম্বরের জন্য আবেদন ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ওTeletalk এর সার্ভিস চার্জ বাবদ ২৩ (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ৮ নং ক্রমিক নম্বরের জন্য আবেদন ফি বাবদ ১০০/-(একশত) টাকা Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২ (একশত বার) টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখযোগ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS:** AIS<space>User ID লিখে send করতে হবে ১৬২২২ নম্বরে

Example: AIS ABCDEF

Reply: Applicant's Name, TK-223/112 Will be charge as application fee. Your PIN is 12345678. To pay fee Type AIS < space > Yes < space > PIN and send to 16222.

দ্বিতীয় SMS: AIS <space> Yes <space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে

Example: AIS Yes 12345678

Reply: Congratulations Applicant's Name, Payment complete successfully for AIS Ap Pliction for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxx).

চ) প্রবেশপত্রে প্রাপ্তির বিষয়টি http://ais.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন:

(i) User ID জানা থাকলে: AIS<space>Help<space>User<space>User ID & Send to 16222

Example: AIS Help User ABCDEF

(ii) PIN Number জানা থাকলে AIS<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222

Example: AIS Help PIN 12345678

(ঝ) পত্রিকা ছাড়াও কৃষি তথ্য সার্ভিস এর ওয়েবসাইট www.ais.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.ais.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk তে যোগাযোগ করা যাবে। এছাড়াও, টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletaik এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজে এর Subject এ Organization Name: AIS, post Name *** Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রে ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৯. online এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৩/০৬/২০২৪

(ড. সুরজিত সাহা রায়)
পরিচালক
কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।